গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১০১/২০১৮-২০১৯
ঢাকা, বুধবার ২৪ এপ্রিল ২০১৯, ১১ বৈশাখ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ব্রুনাই সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী
২। সন্ত্রাসী হামলার ব্যাপারে সতর্ক থাকুন : দলীয় নেতাকর্মীদের উদ্দেশে প্রধানমন্ত্রী
৩। বাংলাদেশ ও ব্রুনাইয়ের মধ্যে জ্বালানিখাতে অংশীদারিত্ব হবে
৪। প্রবাসীদের কল্যাণ নিশ্চিত করা সরকারের দায়িত্ব :
ব্রুনাইয়ে চ্যান্সেরি ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী
৫। একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন শুরু আজ
৬। মুজিব বর্ষ উদ্‌যাপন নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ সমুন্নত রাখতে অনুপ্রাণিত করবে : স্পিকার
৭। আন্তর্জাতিকভাবে পালিত হবে গণহত্যা দিবস : মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী
৮। গণমাধ্যমকর্মীদের সুরক্ষায় দুটি আইন হচ্ছে : তথ্যমন্ত্রী
৯। জেনোসাইড কর্ণারটি বিদেশিরা পরিদর্শন করতে পারবেন : পররাষ্ট্রমন্ত্রী
১০। উন্নয়নের ছোঁয়া প্রতিটি ক্ষেত্রে দেখতে চাই : চাঁদপুরে শিক্ষামন্ত্রী
১১। দুর্যোগ পূর্বাভাসে বাংলাদেশ হবে বিশ্বের রোল মডেল : ত্রাণ প্রতিমন্ত্রী
১২। ভোটার তালিকা হালনাগাদের কাজ শুরু মাঠ পর্যায়ে
প্রথমবারের মতো তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীকে ভোটার তালিকায় অন্তর্ভুক্তি

চলমান পাতা-২

১। **ব্রুনাই সফর শেষে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী**

ব্রুনাইয়ে তিনদিনের সরকারি সফর শেষে ২৩ এপ্রিল মঙ্গলবার সন্ধ্যা ৭টা ২৫ মিনিটে দেশে ফিরেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

২। **সন্ত্রাসী হামলার ব্যাপারে সতর্ক থাকুন : দলীয় নেতাকর্মীদের উদ্দেশে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা শ্রীলঙ্কার সন্ত্রাসী হামলার প্রসঙ্গ তুলে ধরে বলেছেন, পৃথিবীর বিভিন্ন দেশে সন্ত্রাসী ও জঙ্গি হামলা চলছে। তাই আমাদের সকলকে সতর্ক থাকতে হবে। তিন দিনের ব্রুনাই সফর শেষে ২৩ এপ্রিল মঙ্গলবার দেশে ফিরে বিমানবন্দর থেকে গণভবনে পৌঁছে সেখানে সমবেত দলীয় নেতাকর্মীদের উদ্দেশে সংক্ষিপ্ত বক্তব্যে তিনি একথা বলেন। এসময় তিনি সারাদেশে দলের সর্বস্তরের  নেতাকর্মীদেরকে সদা সতর্ক থাকার নির্দেশ দেন।

প্রধানমন্ত্রীকে অভ্যার্থনা জানাতে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অন্যদের মধ্যে আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য শেখ ফজলুল করিম সেলিমও উপস্থিত ছিলেন। শ্রীলঙ্কার সন্ত্রাসী ঘটনায় শেখ সেলিমের দৌহিত্র্য জায়ান চৌধুরী নিহত হন। এ সময় শেখ সেলিম প্রধানমন্ত্রীকে কাছে পেয়ে কান্নায় ভেঙ্গে পড়েন। প্রধানমন্ত্রী শেখ সেলিমকে সান্তনা দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫)।

৩। **বাংলাদেশ ও ব্রুনাইয়ের মধ্যে জ্বালানিখাতে অংশীদারিত্বে ঐকমত্য**

বাংলাদেশ ও ব্রুনাই জ্বালানিখাতে সমন্বিত অংশীদারিত্ব গড়ে তুলতে একমত হয়েছে। বাংলাদেশের ক্রমবর্ধমান জ্বালানি চাহিদার জোগান দিতে জিটুজি (গভর্নমেন্ট টু গভর্নমেন্ট) চুক্তির আওতায় দুই দেশ জ্বালানিখাতে সহযোগিতার সম্ভাবনা কাজে লাগাতে সম্মত হয়েছে। ২৩ এপ্রিল মঙ্গলবার বাংলাদেশ ও ব্রুনাই এক যৌথ বিবৃতিতে এ কথা বলেছে। এতে আরও বলা হয়, পেট্রোকেমিক্যাল, সমুদ্রে তেল-গ্যাস অনুসন্ধান, কারিগরি সহযোগিতা ও সক্ষমতা, সরকারি-বেসরকারিখাতের সমন্বিত সহযোগিতায় বাণিজ্য ও বিনিয়োগের সুযোগ কাজে লাগাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং ব্রুনাইয়ের সুলতান হাসানাল বলকিয়াহ সম্মত হয়েছেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

৪। **প্রবাসীদের কল্যাণ নিশ্চিত করা সরকারের দায়িত্ব :**
**ব্রুনাইয়ে চ্যান্সেরি ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধিতে বিশেষ অবদানের জন্য প্রবাসী বাংলাদেশিদের ধন্যবাদ জানিয়ে বলেছেন, প্রবাসীদের কল্যাণ নিশ্চিত করা তার সরকারের দায়িত্ব। তিনি বলেন, প্রবাসীরা তাদের অবস্থানকারী দেশগুলোর অবকাঠামো ও অর্থনৈতিক উন্নয়নেও ভূমিকা রাখছে। তিনি ২৩ এপ্রিল মঙ্গলবার ব্রুনাইয়ের রাজধানীর জালান কেবাংসান কূটনৈতিক জোনে চ্যান্সেরি ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে ভাষণকালে এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, প্রবাসীদের সংখ্যা বেশি এমন দেশগুলোতে তাদের ছেলে-মেয়েদের যথাযথ শিক্ষার জন্য অন্তত একটি করে বাংলাদেশি স্কুল প্রতিষ্ঠার নির্দেশ ইতোমধ্যে দেয়া হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস**(পৃ.৩,ক.১)।

৫। **একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন শুরু আজ**

একাদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশন শুরু হচ্ছে আজ ২৪ এপ্রিল বুধবার। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে বিকেল ৫টায় বৈঠক শুরুর কথা রয়েছে। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ গত ৩ এপ্রিল এ অধিবেশন আহ্বান করেন। সংক্ষিপ্ত এ অধিবেশনের মেয়াদ হতে পারে সর্বোচ্চ পাঁচ কার্যদিবস। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **ইত্তেফক** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১), **অবজারভার** ( শেষ পৃ,ক.১)।

৬। **মুজিব বর্ষ উদ্‌যাপন নতুন প্রজন্মকে বঙ্গবন্ধুর আদর্শ সমুন্নত রাখতে অনুপ্রাণিত করবে : স্পিকার**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, মুজিব বর্ষ-২০২০ উদ্‌যাপন নতুন প্রজন্মকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শকে সমুন্নত রাখতে অনুপ্রাণিত করবে। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে ২৩ এপ্রিল মঙ্গলবার সংসদ ভবনের কেবিনেট কক্ষে জাতীয় সংসদের পক্ষ থেকে 'মুজিব বর্ষ-২০২০' উদযাপন উপলক্ষে প্রস্তুতি ও করণীয় সভায় তিনি একথা বলেন।

এ সময় তিনি আরো বলেন, মুজিব বর্ষ পালন দেশপ্রেমে উজ্জীবিত হয়ে দেশ সেবায় আত্মনিয়োগ করতে ভবিষ্যৎ তরুণদের উৎসাহিত করবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৪), **সমকাল** (পৃ.৭,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

৭। **আন্তর্জাতিকভাবে পালিত হবে গণহত্যা দিবস : মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী**

মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন , বাংলাদেশের গণহত্যা দিবসকে আন্তর্জাতিক স্বীকৃতি আদায়ের জন্য কাজ করছে সরকার। আর এ স্বীকৃতি পেলে ২৫ মার্চ শুধু জাতীয়ভাবে নয়, আন্তর্জাতিকভাবেই গণহত্যা দিবস পালিত হবে। ২৩ এপ্রিল মঙ্গলবার আগারগাঁওয়ের মুক্তিযুদ্ধ জাদুঘর মিলনায়তনে ৭ম আন্তর্জাতিক মুক্তি ও মানবাধিকারবিষয়ক প্রমাণচিত্র উৎসবের সমাপনী অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বঙ্গবন্ধু শেখ মুবিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে আগামী বছর অনুষ্ঠেয় উৎসবের মূল প্রতিপাদ্য নির্ধারণ করা হয়েছে, 'বঙ্গবন্ধুঃ দ্য লিবারেশন'। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৮,ক.২)।

৮। **গণমাধ্যমকর্মীদের সুরক্ষায় দুটি আইন হচ্ছে : তথ্যমন্ত্রী**

গণমাধ্যমকর্মীদের সুরক্ষায় প্রণীত 'গণমাধ্যমকর্মী আইন' এবং 'সম্প্রচার আইন' জাতীয় সংসদের আগামী বাজেট অধিবেশনে উপস্থাপন করা হবে বলে জানিয়েছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। তিনি বলেছেন, এ আইন পাস হলে সাংবাদিকদের চাকরিসহ অন্যান্য ক্ষেত্রে সুরক্ষা নিশ্চিত হবে। ২৩ এপ্রিল মঙ্গলবার সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে ব্রডকাস্ট জার্নালিস্ট সেন্টার নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৭,ক.১),**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৪)।

৯। **জেনোসাইড কর্ণারটি বিদেশিরা পরিদর্শন করতে পারবেন : পররাষ্ট্রমন্ত্রী**

ঐতিহাসিক সুগন্ধা ভবনে সম্প্রতি স্থাপিত 'জেনোসাইড কর্নারটি' বিদেশ থেকে আসা রাষ্ট্রপ্রধান, সরকারপ্রধান, মন্ত্রী, সংসদ সদস্য ও বিদেশি কূটনীতিকদের পরিদর্শনের ব্যবস্থা করবে পররাষ্ট্র মন্ত্রণালয়। একইসঙ্গে সেখানে রক্ষিত পরিদর্শন বইয়ে স্বাক্ষর গ্রহণেরও ব্যবস্থা করবে মন্ত্রণালয়। পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানিয়ে ২৩ এপ্রিল মঙ্গলবার আরও বলা হয়, সারাদেশের স্কুল, কলেজসহ শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্রছাত্রীরা গণহত্যা বিষয়ে জানার জন্য কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে জেনোসাইড কর্ণারটি পরিদর্শন করতে পারবে। এ বিষয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. একে আব্দুল মোমেন বলেন, স্বাধীনতার ৪৮ বছরের ইতিহাসে প্রথমবারের মতো গণহত্যার শিকার মহান শহীদদের স্মরণে একটি 'জেনোসাইড কর্নার' স্থাপন করা হয়েছে। এর মাধ্যমে ১৯৭১ সালের গণহত্যার শিকার হওয়া ৩০ লাখ মানুষকে স্মরণ করার পাশাপাশি মুক্তিযুদ্ধের ঐতিহাসিক উত্তরাধিকার সংরক্ষণ করা হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.১), **ইনকিলাব** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৬)।

১০। **উন্নয়নের ছোঁয়া প্রতিটি ক্ষেত্রে দেখতে চাই : চাঁদপুরে শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি এমপি বলেছেন, বাংলাদেশের মানুষের মাথাপিছু আয় প্রায় ২ হাজার ডলার। বাংলাদেশের উন্নয়নের যে অগ্রগতি, তার ছোঁয়া দেশের প্রতিটি ক্ষেত্রে আমরা দেখতে চাই। আর এর জন্য প্রত্যেককে তার নিজ নিজ অবস্থানে থেকে কাজ করতে হবে। ২৩ এপ্রিল মঙ্গলবার চাঁদপুর স্টেডিয়ামে জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত প্রিমিয়ার ডিভিশন ক্রিকেট লীগ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৬), **সমকাল** (পৃ.১০,ক.১)।

১১। **দুর্যোগ পূর্বাভাসে বাংলাদেশ হবে বিশ্বের রোল মডেল : ত্রাণ প্রতিমন্ত্রী**

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মোহাম্মদ এনামুর রহমান বলেছেন, প্রেক্ষাপট নির্ভর দুর্যোগ পূর্বাভাস ব্যবস্থাপনায় বাংলাদেশ হবে বিশ্বের রোল মডেল। তিনি সরকার ও এনজিওগুলোর মধ্যে আরও সমন্বয়ের ওপর গুরুত্বারোপ করেন। তিনি ২৩ এপ্রিল মঙ্গলবার গুলশানের স্পেকট্রা কনভেনশন সেন্টারে বন্যা-সহনশীলতা বৃদ্ধি শীর্ষক পাঁচ বছর মেয়াদি এক প্রকল্পের উদ্বোধন অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তৃতাকালে এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৮,ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।

১২। **ভোটার তালিকা হালনাগাদের কাজ শুরু মাঠ পর্যায়ে**

**প্রথমবারের মতো তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠীকে ভোটার তালিকায় অন্তর্ভুক্তি**

দেশজুড়ে বাড়ি বাড়ি গিয়ে ভোটার তালিকা হালনাগাদের তথ্য সংগ্রহ শুরু করেছে নির্বাচন কমিশন। গতকাল হালনাগাদের আনুষ্ঠানিক কার্যক্রম উদ্বোধন করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। আগামী ১৩ মে পর্যন্ত বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহের কাজ চলবে। এ সময় আঠারো বছরের কম বয়সী (২০০৪ সালের ১ জানুয়ারি বা তার আগে যাদের জন্ম তাদের) নাগরিকদেরও তথ্য নেওয়া হবে। প্রথম ধাপে ১৩৫ উপজেলায় তথ্য নেওয়া হবে।

হালনাগাদে প্রায় ৮০ লাখ নাগরিকের তথ্য সংগ্রহের লক্ষ্যমাত্রা ধরেছে কমিশন। ২৩ এপ্রিল মঙ্গলবার রাজবাড়ী সদর উপজেলায় জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে ভোটার তালিকা হালনাগাদ কর্মসূচির উদ্বোধন করেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। ভোটারতালিকা হালনাগাদ কর্মসূচিতে এবার প্রথমবারের মতো তৃতীয় লিঙ্গের (হিজড়া) জনগোষ্ঠীকে তাদের পরিচয়ে ভোটার তালিকায় নাম অন্তর্ভুক্ত করা হবে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪), **নিউ এজ** (শেষ পৃ,ক.১)।

## সম্পাদকীয়

**ক.** **ইত্তেফাক :** নারায়ণগঞ্জের রূপগঞ্জে একটি দোতলা বিল্ডিংয়ে হাইপ্রেসার পাইপলাইন হতে নেওয়া অবৈধ তিতাস গ্যাস সংযোগে বিস্ফোরণের ঘটনায় তিন শ্রমিক নিহত ও কয়েকজন আহত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে এ ধরনের দুর্ঘটনারোধে অপরিকল্পিত অবৈধ গ্যাস সংযোগের ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**খ.** **সমকাল :** ঢাকা শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ৮ নম্বর বোর্ডিং ব্রিজের শৌচাগারের ময়লার ঝুঁড়ি থেকে কোটি টাকার স্বর্ণ উদ্ধার হয়েছে উল্লেখ করে এ ঘটনার জন্য দায়ীদের শনাক্ত করে কঠোর শাস্তি দেওয়ার পাশাপাশি বিমানবন্দরের নিরাপত্তা জোরদার করার পরামর্শ।

**গ.** **জনকণ্ঠ : দেশের ১৫ কোটি** মোবাইল ফোন গ্রাহকের কলড্রপের ভোগান্তি কমেনি উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

**ঘ.** **সংবাদ** : আসন্ন রমজান উপলক্ষে সারাদেশে ন্যায্যমূল্যে তিনটি নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রি শুরু করেছে রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান ট্রেডিং করপোরেশন অভ্ (টিসিবি) বাংলাদেশ উল্লেখ করে বাজারে নিত্যপণ্যের মূল্য নিয়ন্ত্রণে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

**ঙ.** **ইন্ডিপেনডেন্ট :** দেশের নদ-নদীগুলো দখল ও দূষণমুক্ত করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে জঙ্গি ও সন্ত্রাসবাদ বিষয়ে জনগণের সচেতনতা বাড়ানোর উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**ইনকিলাব** পত্রিকায় প্রকাশিত **'রাজধানীর নিয়মবহির্ভূত ভবন ও রাজউকের দায়'** শিরোনামের নিবন্ধে অপরিকল্পিত নগরায়ন ও ইমারত বিধি অগ্রাহ্য করে ভবন নির্মাণের প্রবণতারোধে সরকারের উচ্চ পর্যায়ের শক্ত ভূমিকার বিষয়ে অভিমত প্রকাশ করা হয়েছে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা